

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯৬০(আগরতলা ২৬।০২)  
অমরপুর, ২৬ ফেব্রুয়ারি, ২০২৪

### মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনা

#### অমরপুর ব্লকে মোরগ পালনে সহায়তা

মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় চলতি অর্থবছরে অমরপুর ব্লকে ৩৯৩ জন প্রাণীপালককে মোরগ পালনে সহায়তা দেওয়া হয়েছে। সুবিধাভোগীদের ১০টি করে মোরগ ও মোরগ পালনে সহায়ক সামগ্রী দেওয়া হয়। এজন্য ব্যয় হয়েছে ৫ লক্ষ ১০ হাজার ৯০০ টাকা। তাছাড়া উত্তর-পূর্বাঞ্চল পর্ষদের আর্থিক সহায়তায় অমরপুর ব্লকের রাজখাঙ ভিলেজ ও অম্পি ব্লকের অম্পিছড়া ভিলেজের ১০ জন করে সুবিধাভোগীকে ছাগল পালনে সহায়তা দেওয়া হয়েছে। সুবিধাভোগীদের ৫টি করে ছাগল দেওয়া হয়। এজন্য ব্যয় হয়েছে ১০ লক্ষ ৩৪ হাজার টাকা। অমরপুর মহকুমা প্রাণীসম্পদ বিকাশ কার্যালয়ের সহ অধিকর্তা গৌতম রুদ্রপাল এই সংবাদ জানান।

\*\*\*\*\*